# ১৭ বিয়ের অভিযোগে বরখাস্ত বন কর্মকর্তা কবির পুলিশ হেফাজতে



সংগৃহীত ছবি

বরিশাল বিভাগের সাময়িক বরখাস্ত হওয়া বন কর্মকর্তা কবির হোসেন পাটোয়ারীকে বুধবার রাতে পুলিশ হেফাজতে নিয়েছে। ১৭টি বিয়ের অভিযোগ ছাড়াও তার বিরুদ্ধে স্থানীয়দের কাছ থেকে টাকা ধার নিয়ে ফেরত না দেওয়ার অভিযোগ উঠেছে।

বরিশাল বিভাগের সদ্য সাবেক বন কর্মকর্তা কবির হোসেন পাটোয়ারীকে ১৭টি বিয়ের অভিযোগে সাময়িক বরখাস্ত করা হয়। এরপর তাকে রংপুর বিভাগে সংযুক্ত করা হলেও বুধবার (১৭ সেপ্টেম্বর) রাতে বরিশাল ত্যাগের সময় স্থানীয়রা তাকে আটকে দেন।

পুলিশ জানায়, রাতের আধারে বরিশাল ছাড়তে চাইলে স্থানীয় ঠিকাদারসহ কয়েকজন তাকে বাধা দেন। এ সময় সেখানে উত্তেজনা সৃষ্টি হলে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে হস্তক্ষেপ করে এবং কবির হোসেনকে হেফাজতে নেয়।

স্থানীয়দের অভিযোগ, বন কর্মকর্তা কবির বিভিন্ন সময়ে তাদের কাছ থেকে লাখ লাখ টাকা ধার নিয়েছেন, কিন্তু দেনা শোধ না করেই পালানোর চেষ্টা করছিলেন।

অন্যদিকে পুলিশ বলেছে, মূলত বিশৃঙ্খলা এড়াতেই তাকে হেফাজতে নেয়া হয়েছে। স্থানীয়দের অভিযোগ পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলেও জানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।